

The CAFCASS Practitioner in Adoption

Looking after children's interests in the adoption process

এডাপশানে (দত্তকগ্রহণে) ক্যাফকাস

(CAFCASS) প্রাকটিশনার (কর্মী)

দত্তকগ্রহণ পদ্ধতিতে শিশুদের মঙ্গলের প্রতি

লক্ষ্য করন

(Bengali)

ক্যাফকাস (CAFCASS) কি?

‘চিলড্রেন এ্যান্ড ফ্যামিলি কোর্ট এ্যাডভাইজরি এ্যান্ড সাপোর্ট সার্ভিস’ (শিশু এবং পারিবারিক আদালত উপদেষ্টা এবং সহায়তা পরিষেবা) - ‘ক্যাফকাস’ - সেইফগার্ডস^১ এর কাজ হলো পারিবারিক আদালতের মামলায় জড়িত শিশুদের মঙ্গল সুরক্ষিত করণ এবং উন্নতিবিধান করা। এটি শিশু ও তাদের পরিবারদের নিয়ে কাজ করে শিশুদের বক্তব্য যাতে শোনা হয় এবং তাদের চাহিদা যাতে মেটানো হয় তা স্বনিশ্চিত করে।

আমরা কোর্টদের উপদেশ দেই যাতে তারা যে সিদ্ধান্ত নেয় তাতে ছেলেমেয়েদের সর্বাধিক স্বার্থ সুরক্ষিত হয়। আমরা কোর্ট, সোস্যাল সার্ভিস^২ এডুকেশন এন্ড হেলথ অথরিটির (শিক্ষা ও স্বাস্থ্য কর্তৃপক্ষ) এবং সমতুল্য সমস্ত এজেন্সীগুলো থেকে স্বস্তন্ত্র। আমরা পারিবারিক আদালতগুলোতে (ফ্যামিলি কোর্ট) কাজ করি। এই সমস্ত ফৌজদারী আদালত গুলি (ক্রিমিনাল কোর্ট) নয়।

^১ যে সব সংস্থা ও এজেন্সীগুলো ছেলেমেয়েদের নিয়ে কাজ করে তাদের ওপর ছেলেমেয়েদের কল্যাণ সুরক্ষিত রাখা ও উন্নতিবিধান করা বিশেষত: স্বাস্থ্যবান হওয়া, নিরাপদ থাকা, আনন্দ উপভোগ করা ও অর্জন করা, একটি সদর্পক অবদান রাখা ও অর্থনৈতিক স্বাচ্ছন্দ অর্জন করার ক্ষেত্রে ব্যবস্থা নেওয়াকে দি চিলড্রেন এ্যাঙ্ক ২০০৪ একটি আইনগতভাবে বিধিবদ্ধ কর্তব্য হিসেবে স্থাপন করে।

^২ এই লিফলেটে (প্রচারপত্রে) ‘সোস্যাল সার্ভিসেস’ শব্দটি সমাজ কল্যাণের কাজকর্ম সম্পাদনে এবং বিশেষত: শিশুদের সামাজিক কেয়ার (যত্ন) নেওয়ার ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষের কাজকর্মকে নির্দেশ করে।

বিভিন্ন ধরনের অ্যাডাপশান (দত্তকগ্রহণ) আছে কি?

হ্যাঁ, একটি শিশু অ্যাডপটেড (দত্তক) হতে পারার বিভিন্ন উপায় আছে:

- ক. পিতামাতারা নিজেরাই সিদ্ধান্ত নেন যে তাদের শিশুর পক্ষে দত্তক হওয়াই উৎকৃষ্টতর এবং কোন অ্যাডাপশান এজেন্সীকে (সংস্থাকে) তার আয়োজন করতে বলেন। এর একটি উদাহরণ হবে যখন একজন মা একটি শিশু প্রত্যাশা করছেন এবং তিনি জানেন তিনি এর জন্য কেয়ার (যত্ন) নিতে অক্ষম।
- খ. শিশুটি একটি স্টেপ-ফ্যামিলির (সং পরিবারের) অংশ এবং তাদের পিতামাতার নতুন পার্টনার (জীবনসঙ্গী) অ্যাডাপ্ট নিতে চান। এক্ষেত্রে একটি অ্যাডাপশান এজেন্সী যুক্ত হয় না এবং নতুন পার্টনার কোর্টে একটি আবেদন করেন।
- গ. যদি শিশুটিকে দেখাশোনা করতে পিতামাতারা লড়াই করেন তবে সোস্যাল সার্ভিস যুক্ত হয় এবং শিশুটির সর্বাধিক মঙ্গলের জন্য একটি নতুন পরিবারের দ্বারা দত্তক নেওয়া আবশ্যিক বলে বিশ্বাস করতে পারে। সোস্যাল সার্ভিসকে কোর্টে একটি দরখাস্ত করতে হবে এবং একটি অ্যাডাপশান এজেন্সী যুক্ত হয়।

যখন একটি অ্যাডাপশান এজেন্সী যুক্ত হয় (উপরের ক. ও গ.) তখন শিশুদের অ্যাডাপ্টেড হওয়ার ক্ষেত্রে দুটি ধাপ আছে। প্রথম ধাপ হল দত্তকের উদ্দেশ্যে যখন শিশুটিকে একটি নতুন পরিবারের সঙ্গে রাখা হয়। দ্বিতীয় ধাপ হল যখন নতুন পরিবারটির দ্বারা শিশুটিকে চূড়ান্তভাবে অ্যাডপ্ট নেওয়া হয়। উভয় স্তরের জন্যই পিতামাতার মতামত ও একটি কোর্টের অর্ডারের দরকার হয়।

যখন পিতামাতারা তাদের শিশুকে দত্তক দিতে সিদ্ধান্ত নেয় তখন ‘ক্যাফকাস’ কিভাবে যুক্ত হয় ?

এই ধরনের অ্যাডাপশানে অ্যাডাপশান এজেন্সী শিশুটিকে দত্তক দেওয়ার উদ্দেশ্যে একটি পরিবারে রাখার ক্ষেত্রে পিতামাতার মতামতের প্রত্যক্ষদর্শী হতে একজন ‘ক্যাফকাস’ প্র্যাকটিশনারকে অনুরোধ করে।

যদি পিতামাতা পরবর্তীকালে শিশুটির দত্তকে রাজী হয় তবে ‘ক্যাফকাস’ প্র্যাকটিশনার পুণরায় পিতামাতার মতামতের প্রত্যক্ষদর্শী হবে। পিতামাতারা দত্তকের উদ্দেশ্যে রাখা এবং চূড়ান্ত দত্তকের জন্য একই সময়ে রাজী হতে পারে। শিশুটি অন্তত: ছয় সপ্তাহ বয়স্ক না হওয়া পর্যন্ত ‘ক্যাফকাস’ প্র্যাকটিশনার মতামতের প্রত্যক্ষদর্শী হতে পারে না।

যখন ‘ক্যাফকাস’ প্র্যাকটিশনার মতামতের প্রত্যক্ষদর্শী হয় তখন তাদেরকে এ বিষয়ে সন্তুষ্ট হতে হবে যে পিতামাতারা কোন শর্ত ছাড়াই এবং এটি শিশুর জন্য ও তাদের নিজেদের জন্য কি বোঝায় তা সম্পূর্ণ বুঝে রাজী হয়েছে। ক্যাফকাস প্র্যাকটিশনার:

- দত্তক বা ‘প্লেইসমেন্ট’ (শিশুকে কোন স্থানে রাখা) সম্পর্কে সমস্ত কাগজপত্র দেখবে।

- দত্তক সম্পর্কে পিতামাতাদের যে সব তথ্য ও উপদেশ প্রয়োজন তার সবগুলোই তারা পেয়েছে সে বিষয়ে স্বনিশ্চিত হবে
- বার্থসার্টিফিকেট (জন্মের প্রমাণপত্র) আসল ও সঠিক কিনা তা পরীক্ষা করবে
- পিতামাতারা শিশুটির সঙ্গে ভবিষ্যৎ যোগাযোগ সম্পর্কে কথা বলার স্বযোগ পেয়েছে কিনা (ব্যক্তিগতভাবে, অথবা, উদাহরণস্বরূপ চিঠি দিয়ে) তা পরীক্ষা করবে এবং ‘অ্যাডাপশান কন্টাক্ট রেজিষ্টার’ (দত্তক চুক্তির নিবন্ধখাতা) সম্পর্কে ব্যাখ্যা করবে অথবা সংক্ষিপ্ত রিপোর্ট লিখবে।

যে সব দত্তকের (অ্যাডাপশানের) সঙ্গে কোর্টে একটি আবেদনপত্র যুক্ত তাদের সম্পর্কে কি হয়?

সং পরিবারের (‘স্টেপ-ফ্যামিলির’) দত্তকে এবং যে সব ক্ষেত্রে সোস্যাল সার্ভিস যুক্ত হয় সেক্ষেত্রে কোর্টে একটি আবেদন করতে হয় এবং তারপর হয় কোন স্থানে রাখা অথবা দত্তক গ্রহণের পদ্ধতি শুরু হয়। এই পদ্ধতিগুলোতে ‘ক্যাফকাস’ প্রাকটিশনারের ভূমিকা নির্ভর করে পিতামাতা অ্যাডাপশানে রাজি কিনা তার ওপর। যদি প্রথমেই পিতামাতা তাদের শিশুর কোন স্থানে রাখা বা দত্তকে রাজি থাকে তবে ‘ক্যাফকাস’ প্রাকটিশনারকে বলে ‘রিপোর্টিং অফিসার’। তখন পদ্ধতিটি খুবই সহজসাধ্য হতে পারে। যদি পিতামাতার মধ্যে একজন রাজি না হয় অথবা যদি বিশেষ কোন ঘটনা থাকে, তবে ক্যাফকাস প্রাকটিশনারকে বলে ‘চিল্ড্রেনস গার্ডিয়ান’ (শিশুর অভিভাবক), তখন বিষয়টির একটি আরও অধিক গভীর তদন্তের দরকার হবে। উভয় ভাবেই আমাদের প্রাকটিশনাররা শিশুদের ও পরিবারগুলোর সঙ্গে কাজ করতে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ। কোন প্লেইসমেন্টে (স্থানে) রাখা অথবা অ্যাডাপশানস্এ যুক্ত অন্যান্য প্রত্যেকের থেকে তারা স্বতন্ত্র।

একজন রিপোর্টিং অফিসার কি করেন?

একজন রিপোর্টিং অফিসারের প্রধান ভূমিকা হল পিতামাতারা যাতে তাদের জন্য ও শিশুটির জন্য প্লেইসমেন্টে (শিশুকে কোন স্থানে রাখা) অথবা অ্যাডাপশানস্ এর অর্থ কি তা বোঝে সে সম্পর্কে স্বনিশ্চিত হওয়া এবং পিতামাতারা প্লেইসমেন্ট অথবা অ্যাডাপশানে রাজি কি না সে সম্পর্কে স্বনিশ্চিত হওয়া। তারা:

- প্লেইসমেন্ট অথবা অ্যাডাপশানস্ সম্পর্কে সমস্ত কাগজপত্র দেখেন
- দত্তক সম্পর্কে যে সব তথ্য ও উপদেশ পিতামাতাদের প্রয়োজনীয়তার সবই যেন তারা পান তা স্বনিশ্চিত হন
- বার্থ সার্টিফিকেট আসল এবং সঠিক কিনা তা পরীক্ষা করেন
- পিতামাতারা শিশুটির সঙ্গে ভবিষ্যতে যোগাযোগ সম্পর্কে (ব্যক্তিগতভাবে অথবা উদাহরণস্বরূপ, চিঠি দিয়ে) কথা বলার স্বযোগ পেয়েছেন কিনা তা পরীক্ষা করেন এবং ‘অ্যাডাপশানস কন্টাক্ট রেজিষ্টার’ দত্তক চুক্তির নিবন্ধগ্রন্থ সম্পর্কে ব্যাখ্যা করেন

- কোর্টের জন্য একটি সংক্ষিপ্ত রিপোর্ট লেখেন

যদি পিতামাতা তাদের শিশুকে দত্তকের উদ্দেশ্যে একটি পরিবারের সঙ্গে রাখায় রাজি হন তবে রিপোর্টিং অফিসার পিতামাতার মতামতের সাক্ষী হবেন।

যদি পিতামাতা তাদের শিশুর দত্তক প্রদানে পরে রাজি হন তবে রিপোর্টিং অফিসার আবার পিতামাতার মতামতের সাক্ষী হবেন।

পিতামাতা একটি পরিবারের সঙ্গে শিশুকে রাখা এবং চূড়ান্ত দত্তকে একই সঙ্গে রাজি হতে পারেন, যেক্ষেত্রে উভয় মতামতের ফর্মেই সাক্ষী হবে।

যখন রিপোর্টিং অফিসার মতামতের সাক্ষী হন তখন তাদেরকে এ বিষয়ে সন্তুষ্ট হতে হবে যে পিতামাতা কোনরূপ শর্ত ছাড়াই এবং শিশুটির জন্য ও তাদের নিজেদের জন্য এর অর্থ কি তা বুঝেই রাজি হয়েছেন।

একজন শিশুর গার্ডিয়ান কি করেন?

যদি পিতামাতা প্লেইসমেন্ট অথবা অ্যাডাপশানে রাজি না হয় অথবা যদি বিশেষ ক্ষেত্র থাকে তবে কোর্ট একজন চিল্ড্রেন'স গার্ডিয়ান নিয়োগ করে। এটি আগে যিনি রিপোর্টিং অফিসার ছিলেন সেই একই ব্যক্তি হতে পারেন। চিল্ড্রেন'স গার্ডিয়ান শিশুদের মঙ্গল ও ইচ্ছা স্বরক্ষিত করতে তাদের পক্ষে কাজ করে :

- প্লেইসমেন্ট অথবা অ্যাডাপশানস্ সম্পর্কে সমস্ত নথিপত্র দেখেন
- তাদের নিজস্ব অনুসন্ধান করেন
- শিশুটির যাতে একজন সলিসিটর (আইনজীবী) থাকে সে সম্পর্কে স্মরণিত হন
- কোর্টের জন্য একটি রিপোর্ট লেখেন

চিল্ড্রেন'স গার্ডিয়ান প্লেইসমেন্ট অথবা অ্যাডাপশান শিশুটির মঙ্গলের জন্য বলে মনে করেন কিনা তা এই রিপোর্ট কোর্টকে বলবে এবং অন্যান্য যে সব বিষয় কোর্টের জানা প্রয়োজন তাও এর অন্তর্ভুক্ত থাকবে। পিতামাতাদের স্বতস্ফূর্তভাবে রিপোর্টটি দেখতে হয় না কিন্তু দত্তকগ্রহণকারীদের (অ্যাডাপ্টারদের) সম্পর্কে তথ্য একবার বের করে আনলে কখনও কখনও কোর্ট তা দিতে রাজি হবে। রিপোর্টটি গোপনীয় কাজেই যদি আপনাকে এটি দেখতে দেওয়া হয় তবে আপনি অবশ্যই এটি অন্য কাউকে দেখাবেন না।

আমি চিল্ড্রেন'স গার্ডিয়ানকে যা বলি তা কি গোপনীয় ?

যে কোন তথ্য যা আপনি চিল্ড্রেন'স গার্ডিয়ানকে দেবেন তা তাদের কোর্টের রিপোর্টে অন্তর্ভুক্ত হতে পারে এবং তথ্যটি অন্যান্য উদ্দেশ্যে ও দেওয়া হতে পারে। উদাহরণস্বরূপ যদি শিশুর নিরপেক্ষ সুরক্ষার ক্ষেত্রে কোন উদ্বেগ থাকে তবে কখনও কখনও অন্যান্য এজেন্সীকে ও তথ্য দেওয়ার দরকার হয়। অধিকন্তু শিশুদের ও পরিবারদের জন্য গবেষণা করার ও আমাদের অনুমোদন আছে এবং সময়ে সময়ে আপনার তথ্য বেনামে এইরূপ গবেষণায় ব্যবহৃত হতে পারে।

চিল্ড্রেন'স গার্ডিয়ান যা উপদেশ দেয় কোর্ট কি সবসময় তা করে?

কোর্টই সিদ্ধান্ত নেয় কি হবে কিন্তু চিল্ড্রেন'স গার্ডিয়ান যা বলেন কোর্ট যত্নসহকারে লক্ষ্য করবে। যদি কোন কোর্ট চিল্ড্রেন'স গার্ডিয়ান যা অনুমোদন করেন তার সঙ্গে গররাজি হয় তবে তার কারণ ব্যাখ্যা করবে।

আমার মতামতের কি মূল্য থাকবে?

আমরা আমাদের সমস্ত পরিষেবা ও কাজকর্ম সম্পর্কে প্রতিক্রিয়াকে স্বাগত জানাই কারণ তা আমাদের পরিষেবা- গঠন ও উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শিশু, ও তরুণ ব্যক্তি, পিতামাতা, আত্মীয়স্বজন, কোর্ট ও অন্যান্য এজেন্সী - যারাই আমাদের পরিষেবা ব্যবহার করে তাদের প্রত্যেকের কাছ থেকে আমরা শুনতে চাইব।

এই প্রতিক্রিয়া হতে পারে:

- আমাদের নীতি (পলিসি) অথবা কাজের ধরণ অথবা আমাদের পরিষেবার অন্য যে কোন দিক সম্পর্কে একটি মন্তব্য
- আমাদের কাজ অথবা একজন আলাদা 'ক্যাফকাস' প্র্যাকটিশনার সম্পর্কে একটি প্রশংসাবাদ।
- আমাদের সঙ্গে আপনার কাজের যে কোন দিক সম্পর্কে একটি অভিযোগ

আমাদের পরিষেবা সম্পর্কে সমস্ত মন্তব্য, প্রশংসাবাদ এবং অভিযোগ আমরা রেকর্ড করব, তদারকি করব, পর্যালোচনা করব এবং ফলাফল আমাদের বার্ষিক রিপোর্টে প্রকাশিত হবে।

মন্তব্য ও প্রশংসাবাদের প্রতিক্রিয়া আমি কিভাবে জানাব?



যে কোন মন্তব্য বা প্রশংসাবাদ (লিখিতভাবেই জানা হয়) সংশ্লিষ্ট প্র্যাকটিশনারকে দিয়ে দিন অথবা এই লিফলেটের পেছনে দেওয়া ঠিকানায় স্থানীয় ‘ক্যাসকাস’ ম্যানেজারের কাছে সেগুলো পাঠিয়ে দিন। আপনার মন্তব্য বা মতামত yourviews@cafscass.gov.uk তে ইমেইলের মাধ্যমে আমাদের জাতীয় অফিসেও পাঠিয়ে দিতে পারেন।

আপনার কেইসের শেষে আপনার কেইসের সঙ্গে যুক্ত প্র্যাকটিশনার অথবা তাদের ম্যানেজারের সঙ্গে একটি ফিডব্যাক মিটিং করার জন্য আপনি অনুরোধ করতে পারেন।

‘ক্যাসকাস’ যে পরিষেবা প্রদান করে তাতে যদি আমি খুশী না হই তবে কি হবে?

আমাদের লক্ষ্য সমস্ত পারিবারিক কার্যবিবরণীতে একটি উচ্চ গুণমানের পরিষেবা প্রদান করা এবং শিশুদের তাদের জীবনের সঙ্কটময় মুহুর্তে বক্তব্য প্রকাশের অধিকার দেওয়া। আমরা এইসব উদ্দেশ্য থেকে বিচ্যুত হয়েছি বলে কখন পরিষেবা ব্যবহারকারীরা বিশ্বাস করেন তা জানা আমাদের পক্ষে গুরুত্বপূর্ণ।

আমাদের একটি অভিযোগের পদ্ধতি আছে যা অভিযোগগুলো যাতে যথাসম্ভব দ্রুত, নিরপেক্ষভাবে ও কার্যকরভাবে মোকাবিলা করা হয় তা স্মৃতিস্তম্ভ করতে গঠিত হয়েছে। অভিযোগের পদ্ধতির একটি সূচনা নীচে দেওয়া হল। সম্পূর্ণ পদ্ধতিটি পরিষেবা ব্যবহারকারীদের^৩ জন্য একটি পুস্তিকায় দেওয়া আছে, যা আপনার স্থানীয় ‘ক্যাসকাস’ অফিসে পাওয়া যায় অথবা www.cafcass.gov.uk তে ইনফরমেশন সেকশানে সহজে পাওয়া যাবে।

আমি যদি একটি অভিযোগ করতে চাই তবে কি হবে?

প্রথমত: আপনি পরিষেবার কোন দিক নিয়ে অখুশী কিনা তা সবসময় সংশ্লিষ্ট প্র্যাকটিশনারকে কে জানানো উচিত। বিষয়গুলো মেটানোর একটি স্মরণ থাকতে পারে। বিকল্প হিসেবে আপনার কেসের শেষে আপনি একটি ফিডব্যাক মিটিং (প্রতিক্রিয়া জানানোর আলোচনা সভা) অনুরোধ করতে পারেন।

যদি আপনি তা করতে না চান এবং তার বদলে এগিয়ে যেতে চান এবং একটি অভিযোগ করতে চান, তবে যত তাড়াতাড়ি সম্ভব স্থানীয় ‘ক্যাসকাস’ ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করুন, একটি অভিযোগ জানানোর জন্য নীচে দেওয়া সময়সারণীর (টাইমস্কেলের) কথা মনে রাখবেন।

³ Your Views Count – How to make a comment, compliment or complaint about our work

যদি আপনি রিপোর্টের বিষয়বস্তুর সঙ্গে একমত না হন তবে এটি কোর্টের শুনানীর সময় উত্থাপন করাই সবচেয়ে ভাল হবে।

আমাদের কাছে অভিযোগ জানিয়ে কোর্টের সিদ্ধান্তের ফলাফল পাল্টানো সম্ভব নয়। কোর্টের দ্বারা নেওয়া সিদ্ধান্তের সঙ্গে যদি আপনি একমত না হন তবে আপনার কোর্টের সিদ্ধান্তের বিরুদ্ধে একটি সম্ভাব্য আপীল সম্পর্কে আইনী পরামর্শ নেওয়া প্রয়োজন।

এটি খুবই গুরুত্বপূর্ণ যে কিছু সময়সীমা আছে যার মধ্যে আমরা অভিযোগ গ্রহণ করি। প্রাপ্ত বয়স্কদের জন্য ঘটনা ঘটার তিন মাসের মধ্যে। এই সময় সীমা সমূহের বিশদ বিবরণের জন্য 'ইউর ভিজিট কাউন্ট' ('Your Views Count') পুস্তিকাটি দেখুন।

আপনি আমাদের দ্বারা আপনার অভিযোগের প্রাপ্তিস্বীকার পাঁচটি কাজের দিনের মধ্যে আশা করতে পারেন।

শিশুদের দ্বারা যে কোন বিষয়ের ওপর অভিযোগ নেওয়া যেতে পারে। যে শিশু একটি অভিযোগ করতে চায় তাকে সম্পূর্ণ পদ্ধতিটি জুড়ে একজন নিরপেক্ষ উকিলের সহযোগিতা দেওয়া হবে।

শিশু নিরাপত্তা

শিশুরা কোন গুরুত্বপূর্ণ ক্ষতির ঝুঁকির মধ্যে আছে কিনা তা খুঁজে বের করতে আমরা অন্যান্য এজেন্সীদের দিয়ে পরীক্ষা করাই। যেখানে শিশুরা গৃহগত হিংসাত্মক কাজের শিকার হয় তাও এর অন্তর্ভুক্ত রয়েছে। পুলিশ, সোস্যাল সার্ভিস এবং চাইল্ড প্রোটেকশান রেজিস্টারকে নিয়ে নিয়মমাফিক পরীক্ষা করা হয়। অতিরিক্ত এজেন্সীদের (উদাহরণস্বরূপ জি পি, স্কুল) দিয়ে অধিক পরীক্ষার দরকার আছে কিনা তা আমরা আপনাদের জানাব। কোর্টের জন্য একটি রিপোর্ট তৈরীতে তথ্য ব্যবহার করা হবে এবং সোস্যাল সার্ভিসকে ও দেওয়া হতে পারে।

যে সব ব্যবস্থা শিশুদের বা তরুণ-তরুণীদের এবং তাদের কেয়ারারদের নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলে সেগুলোকে আমরা সমর্থন করবো না।

বৈচিত্র

আমাদের উদ্দেশ্য শিশুদের ব্যক্তিগত চাহিদাগুলোর জন্য লড়াই করা এবং তারা যে বিভিন্ন কমিউনিটির মধ্যে বড় হয় সেগুলোকে মূল্য দেওয়া। শিশুদের ও তাদের পরিবারদের প্রতি আমাদের পরিষেবার মানের নিরবচ্ছিন্নভাবে উন্নয়ন

ঘটাতে আমরা আমাদের পরিষেবা ব্যবহারকারীদের বৈচিত্র সম্পর্কিত তথ্য যেমন জাতিগত উৎপত্তি, ভাষা ও বিশেষ চাহিদা - রেকর্ড করি ও তদারকি করি। এই তথ্য আমাদেরকে ‘রেইস রিলেশানস্ এমেন্ডমেন্ট এ্যাক্ট 2000’, ‘ডিসএবিলিটি ডিসক্রিমিন্যাশান এ্যাক্ট 1995’ এবং ‘ওয়েলস্ ল্যান্ডস্ ল্যাঙ্গুয়েজ এ্যাক্ট 1993’ এর চাহিদামত জাতিগত সাম্য ও পরিষেবার প্রতি অধিগম্যতা বাড়াতে সাহায্য করে।

তথ্য

যেভাবে আমরা তথ্য সংগ্রহ করি, গঠন করি ও সহজলভ্য করি তা আইন দ্বারা পরিচালিত হয়। এই পয়েন্টগুলো আপনার কাছে গুরুত্বপূর্ণ হতে পারে।

- আমাদের কাজের প্রকৃতি অনুযায়ী আমাদের পরিষেবা ব্যবহারকারীদের সম্পর্কিত ব্যক্তিগত তথ্য গঠন করার প্রয়োজন হয়। এই সমস্ত কাজকর্ম ‘ডাটা প্রোটেকশান এ্যাক্ট 1998’ অনুযায়ী গ্রহণ করা হয়। ‘ডাটা প্রোটেকশান রেজিস্টারে’ আমাদের অনুপ্রবেশ www.cafcass.gov.uk তে পাওয়া যেতে পারে।
- ডাটা প্রোটেকশান এ্যাক্ট এর অধীনে আমরা আপনার ওপর যে সব তথ্য রাখি তার কপি চাওয়ার অধিকার আপনার রয়েছে।
- আমরা ‘ফ্রিডম অফ ইনফরমেশান এ্যাক্ট 2000’ অনুযায়ী পরিষেবা সম্পর্কে তথ্য দিতে দায়বদ্ধ।

ডাটা প্রোটেকশান এ্যাক্ট অথবা ফ্রিডম অব ইনফরমেশান এ্যাক্ট অনুযায়ী আমরা কিভাবে কাজ করি সে সম্পর্কে আরও বিস্তৃত বিবরণের জন্য দয়া করে www.cafcass.gov.uk তে আমাদের ওয়েবসাইটের ‘ইনফরমেশ্যান’ সেকশানে ভিজিট করুন অথবা আপনার স্থানীয় ‘ক্যাফকাস’ অফিসে যোগাযোগ করুন।

আমাদের ওয়েবসাইটে আমাদের পুরো সার্ভিস সম্বন্ধে অধিক তথ্য রয়েছে।

V3-05